

ার্লা আল্লাহ তা'আলার নান্দনিক নাম ও গুণসমগ্র: কিছু আদর্শিক নীতিমালা

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

অনুবাদকের ভূমিকা

আকীদা-বিশ্বাসের ক্ষেত্রে স্বচ্ছতা একটি অনিবার্য বিষয়। আকীদা-বিশ্বাস অস্বচ্ছ বা অযথার্থ হলে আমল ও আচারঅনুষ্ঠানগত একনিষ্ঠতা, ত্যাগ ও কুরবানী গ্রহণযোগ্যতা হারিয়ে ফেলে, এ বিষয়টি আমাদের সকলেরই জানা। তবু
দেখা যায় যে, আমাদের মধ্যে অনেকেই আকীদা-বিশ্বাসের ক্ষেত্রটিকে যথেষ্ট গুরুত্বপূর্ণ মনে করেন না। বরং
প্রচলিত ধ্যান-ধারণাকেই তারা আকীদা-বিশ্বাস হিসেবে ধারণ করে চলেন। পক্ষান্তরে আকীদা-বিশ্বাসের প্রতিটি
উপায়-উপকরণের ক্ষেত্রেই আমাদের হতে হবে অতিমাত্রায় সংবেদনশীল, সমধিক গুরুত্বারোপকারী ও ঐকান্তিক।
বিশেষ করে আল্লাহ তা'আলার উলুহিয়াত, (ইবাদত) রুবুবিয়াত (প্রভুত্ব), আসমা ও সিফাত (নাম ও গুণাবলী)
সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা অত্যন্ত জরুরী। কেননা তাওহিদ বলতে আমরা যা বুঝি, তা এ বিষয়গুলোকে কেন্দ্র
করেই আবর্তিত। অতএব এ ক্ষেত্রে কোনো বিচ্যুতির অর্থ মূল বিশ্বাসের জায়গাটি ক্রটিপূর্ণ থাকা, যা কোনোভাবেই
আল্লাহর কাছে গ্রহণযোগ্য হতে পারে না।

আল্লাহ তা'আলার আসমা ও সিফাত তথা নাম ও গুণসমগ্রের ব্যাপারে আমাদের কী ধরনের বিশ্বাস পোষণ করতে হবে সে ব্যাপারে গবেষণাধর্মী কোনো বই বাংলা ভাষায় এখনো আমার নজরে পড়েনি। অতএব ঈমানী তাগিদ থেকেই আমি অনুভব করি যে, প্রখ্যাত শরীয়তবিদ শায়খ মুহাম্মাদ ইবন সালেহ আল উছাইমীন র. রচিত 'আল কাওয়িদুল মুছলা ফী সিফাতিল্লাহি তা'আলা ওয়া আসমাইহিল হুসনা' গ্রন্থটি বাংলা ভাষায় অনুদিত হওয়া উচিত। আর তাই বইটি বাংলা ভাষায় অনুবাদ করার প্রস্তাব আমি অত্যন্ত আগ্রহের সঙ্গেই গ্রহণ করি।

হানাফী মাযহাবের মূল বিশ্বাসের সঙ্গে বইটিতে উল্লিখিত বক্তব্যমালার কোনো সংঘর্ষ নেই। যা আহলে সুন্নাত ওয়াল জামাআতের মৌল আকীদা বলে স্বীকৃত।

মোহাম্মদ মোসলেহ উদ্দিন (এফ.সি.এ) এবং হিউস্টন প্রবাসী সর্বজনাব শহীদুল ইসলাম, রফিকুল হক রঞ্জু বক্ষ্যমাণ বইটি বাংলা ভাষায় অনুবাদ ও প্রকাশের উদ্যোগ গ্রহণ করায় অশেষ ধন্যবাদ পাওয়ার দাবি রাখেন। আবহাস এডুকেশনাল এভ রিসার্চ সোসাইটির সম্মানিত পরিচালকবৃন্দ, বিশেষ করে মাওলানা আবদুল্লাহ শহীদ আবদুর রহমান, মাওলানা ইকবাল হোসাইন মাছুম, মাওলানা চৌধুরী আবুল কালাম আযাদ, মাওলানা আখতারুজ্জামান ও মাওলানা কামাল উদ্দিন মোল্লা বইটি আবহাসের পক্ষ থেকে প্রকাশের সম্মতি জ্ঞাপন করায় তাদের সকলের জন্য রইল আমার আন্তরিক দো'আ। আল্লাহ তা'আলা তাদের সকলকে জাযায়ে খায়ের দান করুন। আমিন।

মুহাম্মদ শামসুল হক সিদ্দিক
সভাপতি ও মহাপরিচালক

আবহাস এডুকেশনাল এন্ড রিসার্চ সোসাইটি



ইদ্রিস টাওয়ার, টংগী কলেজ গেট, টংগী, গাজীপুর। ৩০ আগস্ট ২০১৩

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10355

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন